

বার্ষিক শীতবস্ত্র বিতরণ কর্মসূচি ২০২২



২৬ জানুয়ারি ২০২২, বুধবার 'সবার প্রতি আহবান, শীতর্তদের পাশে দাঁড়া' স্লোগানকে সামনে রেখে প্রতিবছরের মতো এবারও জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট অ্যালামনাই এসোসিয়েশনের আয়োজনে বার্ষিক শীতবস্ত্র বিতরণ কর্মসূচি ২০২২ অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে কর্মসূচির উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং রোভার স্কাউট গ্রুপের সভাপতি অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ সম্পাদক অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, পরিচালক (ছাত্র কল্যাণ) অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, প্রক্টর ড. মোস্তফা কামাল, অ্যালামনাই এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মু. ওমর আলী।



এসময় বিশ্ববিদ্যালয়ের রোভার সদস্যরা শীতর্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন। এছাড়াও রোভার স্কাউটসদের একটি দল শীতবস্ত্র নিয়ে দেশের উত্তরাঞ্চল কুড়িগ্রাম জেলায় বিতরণ করবে।